

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
পল্লীভবন, ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.brdb.gov.bd

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৫০৬.০০.৩৪৬.১৯.৯১২

তারিখ: ০৬ ফেব্রুয়ারি ২০২১ খ্রি।

বিষয়: জাতীয় পল্লী উন্নয়ন পদক- ২০২১ প্রদানের নিমিত্ত প্রার্থী তালিকা প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশে পল্লী উন্নয়নের বিভিন্ন ক্ষেত্রে দৃষ্টান্তমূলক অবদান রাখার জন্য ২০২১ সালের জাতীয় পল্লী উন্নয়ন পদক প্রদানের লক্ষ্যে 'জাতীয় পল্লী উন্নয়ন পদক (সংশোধন) নীতিমালা-২০২১' এর আলোকে মনোনয়ন আহ্বান করা হচ্ছে। সংশোধিত নীতিমালাটি ইতোমধ্যে সকল উপজেলা ও জেলা দপ্তরে প্রেরণ করা হয়েছে। পদকের জন্য ব্যক্তি/ প্রতিষ্ঠান/ সমিতি/ সংগঠন নির্বাচনের ক্ষেত্রে নীতিমালায় সংযুক্ত মানদণ্ড ভিত্তি হিসেবে বিবেচনা করতে হবে এবং শ্রেণিভিত্তিক কর্মকাণ্ডের প্রাঞ্জল বর্ণনা থাকতে হবে। সংগঠনভিত্তিক মনোনয়নের ক্ষেত্রে ব্যক্তিকে মনোনীত করা যাবে না। প্রাথমিকভাবে মনোনীত ব্যক্তির প্রেরিত ছবি পিপি সাইজের এবং সমিতি/ প্রতিষ্ঠান/ সংগঠনের ক্ষেত্রে এর নামফলক স্পষ্ট দৃশ্যমানসহ মালিক/ সদস্যদের মানসম্মত গুপ ছবি প্রেরণ করতে হবে। এছাড়া উপজেলা কমিটি প্রতি শ্রেণির বিপরীতে ১টি, জেলা কমিটি প্রতি শ্রেণির বিপরীতে ২টি এবং বিভাগীয় কমিটি প্রতি শ্রেণির বিপরীতে অনধিক ৩টি করে মনোনয়ন প্রস্তাব করবেন।

২। বিভাগীয় সদরের বিআরডিবি'র উপপরিচালক জেলা কমিটির নির্বাচিত তালিকা বিভাগীয় কমিটিতে উপস্থাপন করবেন। বিভাগীয় কমিটির কার্যবিবরণীতে প্রার্থীর কর্ম সাফল্যের (সাইটেশন) বর্ণনা আবশ্যিকভাবে থাকতে হবে। কাগজপত্রের সফট কপি ddcoop@brdb.gov.bd ওয়েব মেইলে প্রেরণ নিশ্চিত করতে হবে এবং অবশ্যই তা নিকস্ (Nikosh) ফন্টে হতে হবে।

৩। এমতাবস্থায়, জাতীয় পল্লী উন্নয়ন পদক সংক্রান্ত উপজেলা কমিটি আগামী ১৫ মার্চ ২০২২; জেলা কমিটি আগামী ১০ এপ্রিল ২০২২ এবং বিভাগীয় কমিটি আগামী ০৮ মে ২০২২ তারিখের মধ্যে শ্রেণিভিত্তিক ব্যক্তি/ প্রতিষ্ঠান/ সমিতি/ সংগঠনসমূহের মনোনয়ন চূড়ান্ত করার জন্য অনুরোধ করা হলো। বিভাগীয় কমিটি কর্তৃক নির্বাচিত প্রার্থীর তালিকা ও সভার কার্যবিবরণী'র ছায়ািলিপি বিআরডিবি'র বিভাগীয় জেলা দপ্তরের উপপরিচালকগণ আগামী ১৯ মে ২০২২খ্রি. এর মধ্যে পরিচালক (সরেজমিন) বরাবর প্রেরণ করবেন।



আবদুর রশিদ
পরিচালক (সরেজমিন)
ফোনঃ ৮১৮০০০৬।

উপপরিচালক
বিআরডিবি (সকল জেলা)।

সদয় জ্ঞাতার্থে / কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) বিভাগীয় কমিশনার (সকল)।
- ২) জেলা প্রশাসক (সকল জেলা)।
- ৩) উপপরিচালক, প্রোগ্রামিং শাখা, বিআরডিবি, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৪) মহাপরিচালকের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫) উপজেলা নির্বাহী অফিসার (সকল উপজেলা)।
- ৬) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা (সকল উপজেলা)।
- ৭) অফিস কপি।